



MUNICIPIO ROMA V
ASL ROMA 2 DISTRETTO 5

# সামাজিক স্বাস্থ্য সেবা সম্পর্কিত সহজ নির্দেশিকা

ANNO 2018

ROMA


SISTEMA SANITARIO REGIONALE
ASL
ROMA 2

REGIONE
LAZIO



# MAPPA MUNICIPIO ROMA V
# PUA CENTRI ANZIANI E POLIAMBULATORI

- ● PUA S. Caterina della Rosa
- ● PUA Togliatti
- ■ Poliamb. BRESADOLA
- ■ Poliamb. SAN FELICE
- ■ Poliamb. LA RUSTICA
- ■ Poliamb. CASA della SALUTE
- ◆ 1. CASILINO 23
- ◆ 2. VILLA GORDIANI
- ◆ 3. DE MAGISTRIS
- ◆ 4. TERESA FRASSINELLI
- ◆ 5. ISIDORO DI CARACE
- ◆ 6. VALENTE
- ◆ 7. ALESSANDRINO
- ◆ 8. CASA CALDA
- ◆ 9. FRASSINI
- ◆ 10. MORANDI
- ◆ 11. LEPETIT
- ◆ 12. LUIGI PETROSELLI
- ◆ 13. NINO MANFREDI
- ◆ 14. SANDRO PERTINI
- ◆ 15. MICHELE TESTA
- ◆ 16. VITO FEDERICI



# সূচীপত্র

## SEGRETARIATO SOCIALE

## সামাজিক স্বাস্থ্য সেবা


২ পৌরসভা প্রদত্ত সামাজিক সেবা

**৩ Casa della Salute**

৩ নিম্নলিখিত বিষয়গুলি

৩ বিরল রোগ

৩ প্রকল্প "Curare con Cura"
বা যত্ন সহকারে চিকিৎসা প্রকল্প

৪ রোগ নির্ণয় ও থেরাপি (চিকিৎসা) সহায়তা

৪ মৌখিক অ্যান্টিকোয়াগুলেন্ট থেরাপি/চিকিৎসা (TAO)

৪ প্রাপ্তবয়স্কদের জন্য প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র

৪ শিশুদের জন্য প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র

৫ প্রাথমিক সেবা ইউনিট (UCP)

৫ ধারাবাহিক সহায়তা সেবা

৫ প্যাথলজির জন্য ছাড়

৬ স্বেচ্ছাসেবক সমিতি

৬ Hospice (হসপিস) - প্যালিয়েটিভ সেবা বা প্রশমন সেবা

৬ RSA

৬ ব্যথার জন্য থেরাপি কেন্দ্র

৬ বহুবিষয়ক অস্ত্রোপচার কেন্দ্র

৭ ঔষধিক সহায়তার মাধ্যমে মানব প্রজননের জন্য
অনুমোদন

# সূচীপত্র


৭ স্বেচ্ছায় অঙ্গদান ঘোষণা প্রদান করলে তা গ্রহণ

৭ ডায়ালাইসিস সেন্টার

৭ ইমেজিং

৭ অস্থায়ীভাবে বিদ্যমান বিদেশীদের জন্য স্বাস্থ্য কেন্দ্র (STP)

৮ বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র

**৮** স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহ

**৯** বহুবিধ কার্যক্রমপূর্ণ অফিস

**১১** ক্লিনিক্যাল পরীক্ষা কেন্দ্র

**১২** নার্সিং সেবা

**১৩** স্ক্রিনিং প্রোগ্রাম/কার্যক্রম

**১৪** বাড়িতে সেবা সহায়তা - CAD

**১৪** ফরেনসিক মেডিসিন

**১৫** প্রস্থেটিক (কৃত্রিম অঙ্গ) সহায়তা

**১৫** শোষণ সহায়ক সেবা সরবরাহ

**১৫** ১০৪/৯৪- ল.৬৮- আইন অনুযায়ী মূকবধিরত্ব কে শারীরিকভাবে অক্ষম গণ্য করা যাবে

**১৬** ঔষধ সংক্রান্ত সরাসরি সহায়তা


## প্রবীণদের জন্য নিবেদিত সেবা


**১৭** দুর্বল প্রবীণদের জন্য দিবা কেন্দ্র

**১৭** আলঝেইমার (স্মৃতিভ্রংশ) রোগে আক্রান্তদের জন্য দিবা কেন্দ্র

**১৮** গ্রীস্মকালীন অবকাশ

**১৯** বৃদ্ধাশ্রম

সূচীপত্র

## পরিবার এবং অপ্রাপ্তবয়স্কদের জন্য নিবেদিত সেবা


২৯ দত্তক গ্রহণ

২৯ পারিবারিক রক্ষনাবেক্ষন

৩০ প্রাপ্তবয়স্ক এবং ২৪ মাসের বেশী বয়সী শিশুদের জন্য টিকাদান কেন্দ্র

৩০ মানসিক স্বাস্থ্য এবং পুনর্বাসন সুরক্ষা (TSMREE)

৩১ Sportello Donna-(নারীদের প্রতি সহিংসতা এবং লিঙ্গ বৈষম্য রোধে গঠিত সমিতি)

৩১ শিশু-কিশোরদের জন্য বিনোদন কেন্দ্র

৩২ পারিবারিক পরামর্শ এবং ২৪ মাসের কম বয়সী শিশুদের জন্য টিকাদান

৩৩ গৃহহীনদের ব্যক্তিগত তথ্য নিবন্ধন

৩৩ ঔষধিক সহায়তার মাধ্যমে মানব প্রজননের জন্য অনুমোদন প্রদান


## প্রতিবন্ধীদের জন্য নিবেদিত সেবা


৩৪ গুরুতর শারীরিক অক্ষমতা

৩৪ প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধী

৩৫ প্রতিবন্ধীদের গাড়ি চিহ্নিতকরণ

৩৫ মানসিক স্বাস্থ্য এবং পুনর্বাসন সুরক্ষা (TSMREE)

৩৫ Curare con Cura (যত্ন সহকারে চিকিৎসা প্রকল্প)

৩৬ ব্যক্তিগতকৃত পার্কিং স্পেস

৩৬ পুনর্বাসন কার্যক্রমের জন্য অর্থ সহায়তা

# সূচিপত্র


১৯ প্রবীণদের জন্য সামাজিক কেন্দ্র

২০ প্রবীণদের থাকা এবং বিনোদনমূলক কার্যক্রম

২১ প্রবীণদের জন্য বাড়িতে সেবা সহায়তা - SAISA

২২ ছাড়পত্র প্রদানের পরও সেবার আওতায় রাখা

২২ Hospice (হসপিস)

২৩ হাসপাতালের ব্যয়ভার বহনে অংশগ্রহণ (RSA)

২৩ গৃহহীনদের ব্যক্তিগত তথ্য নিবন্ধন

২৪ ক্যান্টিন এবং রাতে থাকার ব্যবস্থা


## প্রাপ্তবয়স্কদের জন্য নিবেদিত সেবা


২৫ প্রাপ্তবয়স্ক এবং ২৪ মাসের বেশী বয়সী শিশুদের জন্য টিকাদান কেন্দ্র

২৫ প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধী

২৬ মানসিক স্বাস্থ্য কেন্দ্র (CSM)

২৭ আসক্তদের জন্য সেবা (Ser.D.)

২৭ Hospice (হসপিস)

২৭ ক্যান্টিন এবং রাতে থাকার ব্যবস্থা

২৭ RSA- হাসপাতালের ব্যয়ভার বহনে সহযোগিতা/অংশগ্রহণ

২৮ আলঝেইমার (স্মৃতিভ্রংশ) রোগে আক্রান্ত মানুষের জন্য দিবা কেন্দ্র

২৮ গৃহহীনদের ব্যক্তিগত তথ্য নিবন্ধন

সূচিপত্র

৩৭ প্রতিবন্ধীদের জন্য দিবা কেন্দ্র এবং অন্যান্য সামাজিকীকরণ ও অবসর সময়ে সেবা

৩৭ প্রতিবন্ধীদের জন্য নিজ বাড়িতে সামাজিক সেবা (SAISH)

## আর্থিক সহায়তা সেবা

৩৯ জরুরি আবাসন ব্যবস্থা

৪০ অন্তর্ভুক্তি আয় - REI

## চরম অসহায় মুহূর্তকালীন সেবা

৪২ জরুরী সামাজিক গ্রাহক সেবা - SOS

**এই কাজটি সহযোগিতামূলকভাবে সম্পন্ন হয়েছে যাদের মাধ্যমে :**

**রোমের ৫ম পৌরসভা এবং** Asl **রোম ২, ৫ম জেলা**

**প্রথম সংস্করণ অক্টোবর ২০১৮ - নির্ধারিত সময়ে হালনাগাদ/আপডেট- সর্বশেষ হালনাগাদ/আপডেট ১৫ অক্টোবর ২০১৮**

ROMA

SISTEMA SANITARIO REGIONALE
ASL
ROMA 2

REGIONE
LAZIO

# একক প্রবেশ পথ

## যেসব সেবা প্রদান করে

একক প্রবেশ পথ (বর্তমানে সংক্ষেপে  PUA) পঞ্চম পৌরসভার অধীনে নাগরিকদের জন্য  সামাজিক ও স্বাস্থ্য সেবা ব্যবস্থা প্রদানের প্রবেশদ্বার উন্মুক্ত করে এবং নিম্নলিখিত কাজগুলি সম্পাদন করে:
- **স্বাগত** জানায় নাগরিকদের এবং তাদের চাহিদা শোনে;
- **তথ্য প্রদান করে** এবং পৌরসভা ও স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ(ASL) উভয় দ্বারা প্রদত্ত সেবা ব্যবস্থা সম্পর্কে নাগরিকদের নির্দেশনা প্রদান করে, পাশাপাশি অন্যান্য স্থানীয় সরকারি ও বেসরকারী সংস্থা প্রদত্ত সেবা সম্পর্কেও অবহিত করে;
- সামাজিক কর্মীগণ পেশাগত দিকনির্দেশনার মাধ্যমে নাগরিকদের **প্রয়োজনীয় চাহিদা বিশ্লেষণ** পূর্বক সেবার আওতায় আনে;
- নাগরিকদের প্রয়োজনীয় **চাহিদার ধরন অনুযায়ী উপযুক্ত জায়গায় পাঠানো** হয়।

## যাদের জন্য

রোম ৫ম পৌরসভার বসবাসকারী সকল নাগরিকদের জন্য।

## যেখানে যোগাযোগ করতে হবে

**Via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa** (এলাকাসমূহ Pigneto-Quadraro-Casilino-Gordiani)
সরাসরি প্রবেশের জন্য উন্মুক্ত থাকার দিন এবং সময়সূচী:
মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা,
বৃহস্পতিবার- বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত।
টেলিফোন - ০৬/৫১০০৮৫২৫ - ০৬/৫১০০৮৪৫১

**Viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।**
(এলাকাসমূহ Centocelle-Alessandrino-Quarticciolo-Tor Sapienza-La Rustica-Tor Tre Teste-Casetta Mistica-Omo-Centro Direzionale)
সরাসরি প্রবেশের জন্য উন্মুক্ত থাকার দিন এবং সময়সূচী:
সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা,
বৃহস্পতিবার- বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত।   টেলিফোন - ০৬/৬৯৬০৭৬২৬

# পৌরসভা প্রদত্ত সামাজিক সেবা

## যেসব সেবা প্রদান করে

পৌর সামাজিক সেবা নাগরিকদের বিভিন্ন সেবা প্রদান করে, যা কার্যকলাপের ভিত্তিতে নির্দিষ্ট ভাগে বিভক্ত।
**প্রাপ্তবয়স্ক:** পরামর্শ প্রদান করে এবং সামাজিক পুনর্গঠন প্রকল্পের উন্নতি সাধন করে।
**প্রবীন:** সামাজিকভাবে দুর্বল প্রবীনদের জন্য সহায়তা এবং সমর্থন প্রদান করে।
**অপ্রাপ্তবয়স্ক এবং পরিবারবর্গ:** সহায়তা, সমর্থন এবং অভিবাবকসুলভ সাহায্য প্রদান করে। পিতামাতার ভূমিকা পালনের মাধ্যমে অসুবিধার সম্মুখীন ও সংকটাপন্ন অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষা প্রদান করে।
**প্রতিবন্ধী:** সামাজিক সহায়তা সেবা পদ্ধতির মাধ্যমে সহায়তা এবং দিক নির্দেশনা প্রদান করে।

## যাদের জন্য

রোম ৫ম পৌরসভার বসবাসকারী সকল নাগরিকদের জন্য।

## যেখানে যোগাযোগ করতে হবে

**PUA via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa** (এলাকাসমূহ Pigneto-Quadraro-Casilino-Gordiani)
সরাসরি প্রবেশের জন্য উন্মুক্ত থাকার দিন এবং সময়সূচী:
মঙ্গলবার,বৃহস্পতিবার,শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত।
টেলিফোন - ০৬/৫১০০৮৫২৫ - ০৬/৫১০০৮৪৫১
**PUA viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।**
(এলাকাসমূহ Centocelle-Alessandrino-Quarticciolo-Tor Sapienza-La Rustica-Tor Tre Teste-Casetta Mistica-Omo-Centro Direzionale)
সরাসরি প্রবেশের জন্য উন্মুক্ত থাকার দিন এবং সময়সূচী:
সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত। টেলিফোন - ০৬/৬৯৬০৭৬২৬

# CASA DELLA SALUTE

**যেখানে যোগাযোগ করতে হবে**
Via Niccolò Forteguerri 4 c/o la **Casa della Salute S. Caterina della Rosa**.

**যেসব সেবা প্রদান করে**
La Casa della Salute একটি সর্বজনীন অবকাঠামো, যা জেলার অন্তর্ভুক্ত, সামাজিক-স্বাস্থ্য কার্যক্রমের জন্য আঞ্চলিক অফিস, এটি বিশেষ করে দীর্ঘস্থায়ী রোগ নিয়ে কাজ করে। এটা স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন চাহিদা এবং সহায়তা দানে বাস্তব, দক্ষ এবং যথাযথ ব্যবস্থা, এটা এমন একটি প্রেক্ষাপট যা প্রতিরোধ মূলক ব্যবস্থা বাস্তবায়ন এবং সুস্বাস্থ্য বিষয়ক প্রচারণা চালাতে সাহায্য করে।

**প্রশাসনিক ব্যবস্থাপনা**
- **প্রাপ্ত স্বাস্থ্য সেবা ফেরত** কাগজপত্রের জন্য অভ্যর্থনা সময়সূচী: সোমবার এবং বুধবার- সকাল ৮:৩০ থেকে দুপুর ১টা। -সরাসরি প্রবেশাধিকার-
-**বিদেশে প্রাপ্ত স্বাস্থ্যসেবা সমূহ** কাগজপত্রের জন্য অভ্যর্থনা সময়সূচী: সোমবার এবং বুধবার- সকাল ৮:৩০ থেকে দুপুর ১টা -সরাসরি প্রবেশাধিকার-

**CELIACA রোগীর জন্য খাদ্য ব্যবস্থাপত্র প্রদান এবং বিরল রোগের জন্য অনুমোদন দান**
সময়সূচী: বুধবার- সকাল ৮:৩০ থেকে দুপুর ১২টা, বৃহস্পতিবার- দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। - সরাসরি প্রবেশাধিকার-

**প্রকল্প "CURARE CON CURA""যত্ন সহকারে চিকিৎসা " প্রকল্প**
এই প্রকল্পটি অক্ষম জটিল রোগীদের লক্ষ্যে গঠিত, যাতে একটি ব্যক্তিগত স্বাস্থ্য প্রকল্প সহজতর এবং সংগঠিত হতে পারে।
অ্যাপয়েন্টমেন্ট এর জন্য নিম্নলিখিত টোল-ফ্রি নম্বরটিতে যোগাযোগ করুন: ৮০০.৮৯৪.৩৩৬
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮.৩০ থেকে দুপুর ২টা।
সোমবার এবং বৃহস্পতিবার- দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

COSA OFFRE - SEGUE--->

**রোগ নির্ণয় ও থেরাপি (চিকিৎসা) সহায়তা**

দীর্ঘস্থায়ী রোগের জন্য সমন্বিত ব্যবস্থাপনা এবং সহায়তা
বর্তমানে সক্রিয় পথসমূহ
১) ডায়াবেটিস
২) দীর্ঘস্থায়ী প্রতিবন্ধক সৃষ্টিকারী ফুসফুসের রোগ
এই সেবা গ্রহণের জন্য মেডিসিন বিশেষজ্ঞের ব্যবস্থাপত্রের প্রয়োজন হবে।

**মৌখিক অ্যান্টিকোয়াগুলেন্ট থেরাপি/চিকিৎসা (TAO)**

(এছাড়াও স্বাস্থ্য কেন্দ্র BRESADOLA Via G. Bresadola, 56 তে
সময়সূচী: সোমবার,মঙ্গলবার,বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত।)
মৌখিক অ্যান্টিকোয়াগুলেন্ট চিকিৎসা পর্যবেক্ষণ। এই সেবা গ্রহণের জন্য মেডিসিন বিশেষজ্ঞের ব্যবস্থাপত্রের প্রয়োজন হবে।

সময়সূচী: বুধবার এবং শুক্রবার- সকাল ৮.৩০ থেকে ১১টা পর্যন্ত।

**প্রাপ্তবয়স্কদের জন্য প্রাথমিক সেবা কেন্দ্র**
**(এছাড়াও স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14 তে ও )**

প্রাপ্তবয়স্কদের জন্য প্রাথমিক সেবা কেন্দ্র জেনারেল মেডিসিনের প্রথম স্তরের স্বাস্থ্য সেবা সমূহ প্রদানের লক্ষ্যে গঠিত। যা পুরো আঞ্চলিক এলাকা জুড়ে ১৪ বছর বয়স থেকে নাগরিকদের দেওয়া হয় এবং যা পরিচালিত হয় মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারদের মাধ্যমে। শনিবার, রবিবার, ছুটির দিন এবং প্রাক ছুটির দিন খোলা থাকবে।
সময়সূচী: শনিবার এবং রবিবার- সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা,
প্রাক ছুটির দিন- দুপুর ২টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

**শিশুদের জন্য প্রাথমিক সেবা কেন্দ্র**

শিশুদের জন্য প্রাথমিক সেবা কেন্দ্রটি শিশুরোগ-চিকিৎসার জন্য প্রথম স্তরের স্বাস্থ্য সেবা সমূহ প্রদানের লক্ষ্যে গঠিত। যা পুরো আঞ্চলিক এলাকা জুড়ে শূন্য/০ থেকে ১৪ বছর বয়সী নাগরিকদের দেওয়া হয় এবং যা পরিচালিত হয় শিশুরোগ বিশেষজ্ঞ ডাক্তারদের মাধ্যমে। শনিবার, রবিবার, ছুটির দিন এবং প্রাক ছুটির দিন খোলা থাকবে।


COSA OFFRE - SEGUE--->

সময়সূচী: শনিবার এবং রবিবার- সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা,
প্রাক ছুটির দিন- দুপুর ২টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

**প্রাথমিক সেবা ইউনিট (UCP)**

এটি মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তারদের একটি সহযোগী প্রক্রিয়া যা প্রাথমিক চিকিৎসা সেবা সুবিধা প্রদান করে; এই কার্যক্রমটি রোগীদের জন্য UCP ডাক্তারদের দ্বারা পরিচালিত হয়।

প্রদত্ত সেবা:

-জেনারেল মেডিসিনের ডাক্তারের সেবা সাক্ষাত
- ঔষধ প্রেসক্রিপশন
- বিশেষজ্ঞের সাথে সাক্ষাত
- ডায়গনিস্টিক চেকআপ
- সার্টিফিকেট প্রদান

সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত।
-সরাসরি প্রবেশাধিকার-

**ধারাবাহিক সহায়তা সেবা**

**(এছাড়াও স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14 )**

(প্রাক্তন জরুরী চিকিৎসা সেবা)। অ্যাপয়েন্টমেন্ট পেতে নিচের কেন্দ্রীয় নম্বরটিতে কল করুন। টেলিফোন- ০৬৫৭০৬০০

সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- রাত ৮টা থেকে পরের দিন সকাল ৮টা পর্যন্ত, শনিবার এবং প্রাক-ছুটির দিনগুলিতে- সকাল ১০টা থেকে পরবর্তী কর্মদিবসের সকাল ৮টা পর্যন্ত অব্যাহত থাকবে।

**প্যাথলজির জন্য ছাড়**

সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮টা থেকে ১২টা,
শনিবার- সকাল ৮টা থেকে ১১টা, মঙ্গলবার- দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

**স্বেচ্ছাসেবক সমিতি সমূহ:**

**-SPORTELLO DONNA (ASSOLEI - সহিংসতা এবং লিঙ্গ বৈষম্য রোধে গঠিত সমিতি )**
সময়সূচী: বুধবার- সকাল ৯টা থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত।
তথ্য এবং রিজার্ভেশন: ৩৬৬.৩৮১১৭৮৭

**-ANED হেমোডায়ালাইসিস, ডায়ালাইসিস এবং ট্রান্সপ্লান্টেশন জাতীয় অ্যাসোসিয়েশন**
সময়সূচী: সোমবার- সকাল ৯টা থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত।

**Hospice - প্যালিয়েটিভ সেবা বা প্রশমন সেবা**
জাতীয় স্বাস্থ্য সেবা (SSN) কর্তৃক স্বীকৃত অবকাঠামোর মধ্যে প্যালিয়েটিভ সেবা বা প্রশমন সেবা সহায়তা প্রদান (Hospice).
সময়সূচী:সোমবার, বুধবার এবং শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত।
-সরাসরি প্রবেশাধিকার-

**R.S.A.**
স্বনির্ভর নয় এমন ব্যক্তিদের জন্য আবাসিক এবং আধা-আবাসিক সুবিধাসমূহ প্রদানের লক্ষ্যে আবেদন গ্রহণ করে (RSA)
সময়সূচী: সোমবার,বুধবার এবং শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত।
-সরাসরি প্রবেশাধিকার-

**ব্যথার জন্য থেরাপি কেন্দ্র**
কেন্দ্রটি দীর্ঘস্থায়ী এবং নিওপ্লাস্টিক রোগ ভোগকারী রোগীদের ব্যথা নিরাময় চিকিৎসার জন্য আবেদনে সাড়া দিতে সক্ষম। এই সেবা গ্রহণের জন্য মেডিসিন বিশেষজ্ঞের ব্যবস্থাপত্রের প্রয়োজন হবে।

**বহুবিষয়ক অস্ত্রোপচার কেন্দ্র**
অস্ত্রোপচার(সার্জারি) কেন্দ্রের মধ্যে একটি অপারেটিং ইউনিট রয়েছে যার মধ্যে অস্ত্রোপচার এবং বহির্বিভাগের রোগীদের অস্ত্রোপচার সম্পন্ন করা হয়, যার মধ্যে রয়েছে: জেনারেল সার্জারি, প্লাস্টিক সার্জারি, অর্থোপেডিক সার্জারি, প্রোকটোলজিক সার্জারি, ভাস্কুলার সার্জারি এবং ইউরোলজিক সার্জারি।
এই সেবা গ্রহণের জন্য মেডিসিন বিশেষজ্ঞ অথবা শিশুরোগ বিশেষজ্ঞের ব্যবস্থাপত্রের প্রয়োজন হবে।



**COSA OFFRE - SEGUE--->**

**বিভাগের বাইরে, ঔষধিক সহায়তার মাধ্যমে মানব প্রজননের জন্য অনুমোদন**

তথ্য, ফরম সংগ্রহ এবং বিতরণের জন্য জেলা ব্যবস্থাপনা অফিসের সাথে যোগাযোগ করুন।

**স্বেচ্ছায় অঙ্গদান ঘোষণা প্রদান করলে তা গ্রহণ**

তথ্য, ফরম সংগ্রহ এবং বিতরণের জন্য জেলা ব্যবস্থাপনা অফিসের সাথে যোগাযোগ করুন।

**ডায়ালাইসিস সেন্টার**

U.O.C. নেফ্রোলজি (কিডনি রোগ) এবং ডায়ালাইসিস- আঞ্চলিক রেফারেন্স সেন্টার S.Eugenio হাসপাতাল।

ডায়ালাইসিস সময়সূচী: (সপ্তাহের জোড় সংখ্যক দিন)- সকাল ৭টা থেকে দুপুর ১টা পর্যন্ত; (সপ্তাহের বিজোড় সংখ্যক দিন)- সকাল ৭টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত।

**ইমেজিং**

**(এছাড়াও স্বাস্থ্য কেন্দ্র BRESADOLA Via G. Bresadola, 56 তে রেডিওলজি এবং ডায়াগনস্টিক ম্যামোগ্রাফি করা হয়)**

- রেডিওলজি
- তেজস্ক্রিয় বিকিরণ বিহীন CAT (ক্যাট) স্ক্যান
- ডায়াগনস্টিক ম্যামোগ্রাফি

-অঙ্গ এবং শরীরের অভ্যন্তরীণ অঙ্গের চৌম্বকীয় অনুরণন ইমেজিং (এমআরআই).

এই সেবা গ্রহণের জন্য মেডিসিন বিশেষজ্ঞ অথবা শিশুরোগ বিশেষজ্ঞের ব্যবস্থাপত্রের প্রয়োজন হবে।

**অস্থায়ীভাবে বিদ্যমান বিদেশীদের জন্য স্বাস্থ্য কেন্দ্র (STP)**

**(এছাড়াও স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14 তে ও** সময়সূচী:সোমবার থেকে শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত )

অসুস্থতা বা দুর্ঘটনা জনিত কারণে জরুরি বা অপরিহার্য বহির্বিভাগের চিকিৎসা।

সময়সূচি: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮:৩০ থেকে দুপুর ১২টা, শনিবার-সকাল ৮টা থেকে ১১টা, মঙ্গলবার- দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

COSA OFFRE - SEGUE--->

**বিশেষায়িত স্থানীয় স্বাস্থ্য কেন্দ্র**
এই সেবা গ্রহণের জন্য মেডিসিন বিশেষজ্ঞ অথবা শিশুরোগ বিশেষজ্ঞের ব্যবস্থাপত্রের প্রয়োজন হবে।

**Casa della Salute S.CATERINA DELLA ROSA Via Nicolò Forteguerri, 4**
নিম্নলিখিত বিশেষ বিভাগ সমূহের অধীনে বহির্বিভাগের রোগীদের সেবা প্রদান করা হয়:

- অ্যানেসথেসিয়া বা অবশকরণ
- এঙ্গিওলজি
- হৃদরোগ/ কার্ডিওলজি
- সাধারণ সার্জারি এবং প্লাস্টিক সার্জারি
- চর্মরোগ
- ডায়াবেটিস বিভাগ
- আল্ট্রাসাউন্ড ডায়গনিস্টিক্স
- এন্ডোক্রিনলজি
- ফিজিওলজি
- বার্ধক্যবিদ্যা
- স্ত্রীরোগ এবং ধাত্রীবিদ্যা
- অভ্যন্তরীণ ঔষধ
- স্নায়ুরোগ/ নিউরোলজি
- অস্থিবিদ্যা
- দন্তচিকিত্সা
- অস্থি চিকিৎসা/ অর্থোপেডিক্স
- অটোলারিনলোজি
- শ্বাসতন্ত্র বিভাগ
- স্নায়ুবিজ্ঞান
- মূত্র সংবহনতন্ত্র বিভাগ/ ইউরোলজি

# স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহ

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র Casa della Salute S. CATERINA DELLA ROSA Via Nicolò Forteguerri, 4**
**CASA DELLA SALUTE অনুচ্ছেদে দেখুন**

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র BRESADOLA Via Giacomo Bresadola, 56**

নিম্নলিখিত বিশেষ বিভাগ সমূহের অধীনে বহির্বিভাগের রোগীদের সেবা প্রদান করা হয়:

- এনজিওলজি
- হৃদরোগ/ কার্ডিওলজি
- সাধারণ শল্য চিকিৎসা
- চর্মরোগ
- আল্ট্রাসাউন্ড ডায়গনিস্টিক্স
- ফিজিওলজি
- বার্ধক্যবিদ্যা
- স্ত্রীরোগ এবং ধাত্রীবিদ্যা
- অভ্যন্তরীণ ঔষধ
- স্নায়ুরোগ/ নিউরোলজি
- অস্থিবিদ্যা
- দন্ত চিকিৎসা
- অস্থি চিকিৎসা/ অর্থোপেডিক্স
- অটোলারিনলোজি
- মূত্র সংবহনতন্ত্র বিভাগ/ ইউরোলজি

## বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14

নিম্নলিখিত বিশেষ বিভাগ সমূহের অধীনে বহির্বিভাগের রোগীদের সেবা প্রদান করা হয়:

- হৃদরোগ
- এন্ডোক্রিনলজি
- স্নায়ুরোগ
- অস্থিবিদ্যা
- দন্ত চিকিত্সা
- অস্থি চিকিৎসা
- অটোলারিনলোজি
- মূত্র সংবহনতন্ত্র বিভাগ/ইউরোলজি

## বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র LA RUSTICA Via della Rustica, 218

নিম্নলিখিত বিশেষ বিভাগ সমূহের অধীনে বহির্বিভাগের রোগীদের সেবা প্রদান করা হয়:

- হৃদরোগ/ কার্ডিওলজি
- ডায়াবেটিস বিভাগ
- আল্ট্রাসাউন্ড ডায়গনিস্টিক্স
- স্ত্রীরোগবিদ্যা
- অস্থিবিদ্যা
- অস্থি চিকিৎসা/ অর্থোপেডিক্স
- অটোলারিনলোজি
- মূত্র সংবহনতন্ত্র বিভাগ/ইউরোলজি

# বহুবিধ কার্যক্রমপূর্ণ অফিস

### যেসব সেবা প্রদান করে

- CUP একক সংরক্ষণ/রিজার্ভেশন কেন্দ্র
- সেবা মূল্য পরিশোধের জন্য ডেস্ক(বিল পরিশোধ কাউন্টার) এবং ক্লিনিক্যাল পরীক্ষা-নিরীক্ষা
- আয়ের উপর ভিত্তি করে ছাড়
- নাগরিক অক্ষমতার জন্য ছাড়
- বিদেশী নাগরিকদের জন্য ছাড়
- অস্থায়ীভাবে বিদ্যমান বিদেশীদের জন্য আইডি নম্বর বরাদ্দকরণ (STP)
- ENI কার্ড রিলিজ- শুধুমাত্র ইইউ নাগরিকদের জন্য যাদের TEAM কার্ড নেই, অনাবাসিক এবং সামাজিকভাবে অসহায় অবস্থায় যারা আছে তাদের জন্য (যারা বেকার)
- ঐচ্ছিক সহায়তা
- ডাক্তার নির্বাচন এবং প্রত্যাহার

**যাদের জন্য**

৫ম রোম পৌরসভার বসবাসকারী সকল নাগরিকদের জন্য।

**যেখানে যোগাযোগ করতে হবে**

**Casa della Salute S.CATERINA DELLA ROSA Via Nicolò Forteguerri, 4**
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৭:৩০ থেকে বিকেল ৬:১৫ পর্যন্ত, শনিবার- সকাল ৭:৩০ থেকে দুপুর ১টা পর্যন্ত।
ডাক্তার নির্বাচন এবং প্রত্যাহার সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮টা থেকে বিকেল ৫:৪৫, শনিবার- সকাল ৮টা থেকে দুপুর ১২:৪৫ পর্যন্ত।
আয়ের উপর ভিত্তি করে টিকেট ছাড়; সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র BRESADOLA Via Giacomo Bresadola, 56**
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৭:৪৫ থেকে বিকেল ৫:৫০ পর্যন্ত, শনিবার- সকাল ৭:৪৫ থেকে দুপুর ১২টা পর্যন্ত।
(বিকেল ৫:১৫ থেকে ৫:৫০ পর্যন্ত শুধুমাত্র রিপোর্ট সংগ্রহ এবং ভিজিট পেমেন্ট)

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14**
সময়সূচী: সোমবার ও মঙ্গলবার- সকাল ৭:৪৫ থেকে বিকেল ৫:৩০ পর্যন্ত, বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবার- সকাল ৭:৪৫ থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত- শনিবার বন্ধ।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র LA RUSTICA Via della Rustica, 218**
সময়সূচী: সোমবার থেকে বৃহস্পতিবার- সকাল ৭:৪৫ থেকে বিকেল ৫:৩০ পর্যন্ত, শুক্রবার- সকাল ৭:৪৫ থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত- শনিবার বন্ধ।

ফোনের মাধ্যমে রিজার্ভেশনের জন্য, RECUP টোল ফ্রি নম্বর ৮০.৩৩.৩৩
১লা নভেম্বর ২০১৮ থেকে RECUP নম্বর ০৬.৯৯.৩৯ এ পরিবর্তিত হবে।
লক্ষ্য করুন স্বাস্থ্য সেবার জন্য নিম্নলিখিত ওয়েবসাইটেও বুকিং করা যাবে: https://www.salutelazio.it/

# ক্লিনিক্যাল পরীক্ষা কেন্দ্র

**সরাসরি প্রবেশাধিকার**

### যেসব সেবা প্রদান করে

সমস্ত পরীক্ষা: রক্ত - মল - মূত্র -ব্যাকটেরিয়া জনিত - নিউক্লীয়।

### যাদের জন্য

৫ম রোম পৌরসভার বসবাসকারী সকল আবাসিক এবং অনাবাসিক নাগরিকদের জন্য।

### যেখানে যোগাযোগ করতে হবে

**Casa della Salute S.CATERINA DELLA ROSA Via Nicolò Forteguerri, 4**

রক্তের নমুনা সংগ্রহের সময়সূচী:
সোমবার থেকে শনিবার- সকাল ৭:৩০ থেকে ১১টা পর্যন্ত।
পরীক্ষার রিপোর্ট সংগ্রহের সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮টা থেকে বিকেল ৬টা, শনিবার- সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14**

রক্তের নমুনা সংগ্রহের সময়সূচী:
সোমবার থেকে শুক্রবার- সকাল ৭:৪৫থেকে ৯:৩০ পর্যন্ত।
পরীক্ষার রিপোর্ট সংগ্রহের সময়সূচী: সোমবার এবং মঙ্গলবার- সকাল ৭:৪৫ থেকে বিকেল ৫টা, বুধবার,বৃহস্পতিবার এবং শুক্রবার- সকাল ৭:৪৫ থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র BRESADOLA Via Giacomo Bresadola, 56**

রক্তের নমুনা সংগ্রহের সময়সূচী:
সোমবার থেকে শনিবার- সকাল ৭:৪৫থেকে ১০টা পর্যন্ত।
পরীক্ষার রিপোর্ট সংগ্রহের সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৭:৪৫ থেকে বিকেল ৫:৫০পর্যন্ত, শনিবার- সকাল ৭:৪৫ থেকে দুপুর ১২টা পর্যন্ত।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র LA RUSTICA Via della Rustica, 218**

রক্তের নমুনা সংগ্রহের সময়সূচী:
সোমবার থেকে শুক্রবার- সকাল ৭:৪৫ থেকে ১০টা পর্যন্ত।
পরীক্ষার রিপোর্ট সংগ্রহের সময়সূচী: সোমবার এবং মঙ্গলবার- সকাল ৭:৪৫ থেকে বিকেল ৫টা, বুধবার,বৃহস্পতিবার এবং শুক্রবার- সকাল ৭:৪৫ থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত।

# নার্সিং সেবা

## যেসব সেবা প্রদান করে

ড্রেসিং - ইনজেকশন থেরাপি - মূত্রাশয়ে মূত্রনিষ্কাশনযন্ত্র (ক্যাথেটার) প্রতিস্থাপন - অস্থি ব্যবস্থাপনা - ইত্যাদি

## যাদের জন্য

৫ম রোম পৌরসভার বসবাসকারী সকল আবাসিক এবং অনাবাসিক নাগরিকদের জন্য।

## যেখানে যোগাযোগ করতে হবে

**Casa della Salute S.CATERINA DELLA ROSA Via Nicolò Forteguerri, 4**
সময়সূচী: সোমবার থেকে শনিবার- সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14**
সময়সূচী: সোমবার এবং শুক্রবার- সকাল ১০:৩০টা থেকে দুপুর ১টা,
সোমবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার- দুপুর ২টা থেকে বিকেল ৪:৩০ পর্যন্ত।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র“BRESADOLA Via Giacomo Bresadola, 56**
সময়সূচী: সোমবার থেকে শনিবার- সকাল ৮:৩০টা থেকে দুপুর ১২:৩০,
সোমবার, বুধবার এবং শুক্রবার- দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র LA RUSTICA Via della Rustica, 218**
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮:৩০টা থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত।

এই সেবা গ্রহণের জন্য মেডিসিন বিশেষজ্ঞ অথবা শিশুরোগ বিশেষজ্ঞের ব্যবস্থাপত্রের(প্রেসক্রিপশনের) প্রয়োজন হবে।

# স্ক্রিনিং প্রোগ্রাম/কার্যক্রম

## যেসব সেবা প্রদান করে

**মেমোগ্রাম (স্তনের এক্স-রে)**
স্তন ক্যান্সার প্রতিরোধ করতে ৫০ থেকে ৭৪ বছর বয়সী নারীদের জন্য।
Casa della Salute S.CATERINA DELLA ROSA Via N. Forteguerri, 4
বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র BRESADOLA Via G. Bresadola, 56

**প্যাপ টেস্ট**
জরায়ুমুখের ক্যান্সার প্রতিরোধ করতে ২৫ থেকে ৬৪ বছর বয়সী নারীদের জন্য।
**কোলোরেকটাল**
কোলোরেকটাল ক্যান্সার (বৃহদান্ত্রের ক্যান্সার) প্রতিরোধ করতে ৫০ থেকে ৭৪ বছর বয়সী নাগরিকদের জন্য।

Casa della Salute S.CATERINA DELLA ROSA Via N.Forteguerri, 4
বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14
বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র LA RUSTICA Via della Rustica, 218
বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র BRESADOLA Via G.Bresadola, 56

## যাদের জন্য

৫ম রোম পৌরসভার বসবাসকারী সকল আবাসিক নাগরিকদের জন্য।

## যেখানে যোগাযোগ করতে হবে

সদস্যপদ এবং তথ্যের জন্য টোল ফ্রি নম্বর: ৮০০.৪০৫.০৫১
সোমবার থেকে শুক্রবার- সকাল ৮টা থেকে বিকেল ৬টা পর্যন্ত।

সামাজিক ও স্বাস্থ্য সেবা

## বাড়িতে সেবা সহায়তা - CAD

### যেসব সেবা প্রদান করে

নার্সিং, পুনর্বাসন, বিশেষজ্ঞ চিকিৎসা সহায়তা, স্বাস্থ্য বিষয়ক শিক্ষা, রক্ত পরীক্ষার নমুনা সংগ্রহ।

### যাদের জন্য

আংশিকভাবে বা পুরোপুরিভাবে স্বনির্ভর বা স্বয়ংসম্পূর্ণ নয়, যারা চলনশীল নয় এবং অত্র এলাকার সাধারণ পরিবহন মাধ্যমে পরিবহন উপযোগী নয়, তারা বাড়িতে সেবা সহায়তা সুবিধাটি নিতে পারে।

### যেখানে যোগাযোগ করতে হবে

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14**
"বাড়িতে সেবা সহায়তা " কার্যক্রম পরিচালনা কেন্দ্র (CARE)
টেলিফোন নম্বর- ০৬.৪১৪৩৬৪২৪।

### সেবাটি পেতে যা করণীয়

মেডিসিন বিশেষজ্ঞের পরামর্শক্রমে ওয়েবসাইটে প্রাপ্ত নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে এবং পরবর্তী সেবা মূল্যায়ন।

## ফরেনসিক মেডিসিন

### যেসব সেবা প্রদান করে

ফরেনসিক মেডিসিন সার্টিফিকেশন।

### যেখানে যোগাযোগ করতে হবে

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র  BRESADOLA  Via G. Bresadola, 56**
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৯টা থেকে ১২টা, মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ২:৩০ থেকে বিকেল ৫:৩০, সোমবার, বুধবার এবং শুক্রবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা  পর্যন্ত।  -সরাসরি প্রবেশাধিকার-

**বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti,14**
সময়সূচী: সোমবার, বৃহস্পতিবার এবং শুক্রবার- সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

## প্রস্থেটিক (কৃত্রিম অঙ্গ) সহায়তা

### যেসব সেবা প্রদান করে

গুরুত্বপূর্ণ এবং সহায়ক সামগ্রী সরবরাহ

### যেখানে যোগাযোগ করতে হবে

VIA CASILINA, 395

সময়সূচী: সোমবার, বুধবার এবং শুক্রবার- সকাল ৮:৩০ থেকে ১২টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

## প্রস্থেটিক (কৃত্রিম অঙ্গ) সহায়তা শোষণ সহায়ক সরবরাহ

### যেসব সেবা প্রদান করে

শোষণ সহায়ক সামগ্রী সরবরাহ (মেট্রেস কভার, ডায়াপার, ইত্যাদি)

### যেখানে যোগাযোগ করতে হবে

VIA CASILINA, 399

সময়সূচী: সোমবার, বুধবার এবং শুক্রবার- সকাল ৮:৩০ থেকে ১২টা, বৃহস্পতিবার- দুপুর ২:৩০ থেকে ৫টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

## ১০৪/৯৪- এল.৬৮- আইন অনুযায়ী মূকবধিরত্ব কে শারীরিকভাবে অক্ষম গণ্য করা যাবে

Via Bruno Rizzieri, 226
প্রশাসনিক টোল ফ্রি নম্বর: ৮০০.০৭.০৮.০৮
সোমবার থেকে শুক্রবার- সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত।

## ঔষধ সংক্রান্ত সরাসরি সহায়তা

### যেসব সেবা প্রদান করে

স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের (ASL) নিবন্ধন সাপেক্ষে ওষুধ নিবন্ধন, তরল অক্সিজেনের অনুমোদন, ইনসুলিন পাম্প, ডায়াবেটিক রোগীদের জন্য প্রয়োজনীয় উপকরণ, পুষ্টি।

### যেখানে যোগাযোগ করতে হবে

VIA CASILINA, 395

সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকার সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৯টা থেকে ১২:৩০, মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।  -সরাসরি প্রবেশাধিকার-

# দুর্বল প্রবীণদের জন্য দিবা কেন্দ্র

**যেসব সেবা প্রদান করে**

সামাজিকীকরণ, পুনরুদ্ধার এবং মানসিক-শারীরিক ক্ষমতা রক্ষণাবেক্ষণের চাহিদা মেটানোর লক্ষ্যে আংশিকভাবে স্বনির্ভর প্রবীণদের অভ্যর্থনা জানায়।

**যাদের জন্য**

৬০ বছর এবং তার বেশি বয়সী নারী, ৬৫ বছর এবং তার বেশি বয়সী পুরুষদের জন্য, যারা অত্র পৌরসভা এলাকায় বসবাসরত, আংশিক স্বনির্ভর এবং যাদের দিনের বেলায় সহায়তা প্রয়োজন।

**যেখানে যোগাযোগ করতে হবে**

**PUA তে**

Via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa

অভ্যর্থনার দিন এবং সময়সূচী: মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

Viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।

অভ্যর্থনার দিন এবং সময়সূচী: সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

# আলঝেইমার (স্মৃতিভ্রংশ) রোগে আক্রান্তদের জন্য দিবা কেন্দ্র

**যেসব সেবা প্রদান করে**

ডিমেনশিয়া রোগীদের জন্য ব্যাক্তিগত সহায়তা, পুনর্বাসন এবং সহায়তা প্রকল্প, বাড়ি পর্যন্ত পরিবহনসেবা প্রদান করা হয়।

**যাদের জন্য**

অত্র পৌরসভায় বসবাসকারী যেসব রোগীরা আলঝেইমার রোগ বা অন্যান্য ধরনের ডিমেনশিয়া রোগে আক্রান্ত।

### যেখানে যোগাযোগ করতে হবে

**সর্বশেষ আপডেট করা অফিসের তালিকা জানতে PUA তে যোগাযোগ করুন।**

Via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa
অভ্যর্থনার দিন এবং সময়সূচী: মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

Vale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।
অভ্যর্থনার দিন এবং সময়সূচী: সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

## গ্রীষ্মকালীন অবকাশ

### যেসব সেবা প্রদান করে

পৌরসভা প্রবীণদের জন্য অবকাশ যাপন এবং অন্যান্য গ্রীষ্মকালীন কার্যক্রম সংগঠিত করে।

### যাদের জন্য

- ৬০ বছর ও তার বেশি বয়সী নারী এবং ৬৫ বছর ও তার বেশি বয়সের পুরুষ, যারা স্বনির্ভর বা আংশিক স্বনির্ভর। তাদের স্বামী/স্ত্রীরা অংশগ্রহণ করতে চাইলে শুধুমাত্র তাদের একজনের বয়সসীমা পূরণ হলেই হবে।
- যারা ৭০% এর বেশি প্রতিবন্ধী এবং অন্তত ৪৫ বছর বয়সী।
- প্রবীণ ব্যক্তিদের সন্তান যারা প্রতিবন্ধী, যারা থাকার জন্য আবেদন করেছে এবং যাদের বয়স ৪৫ বছরের কম।

### যেখানে যোগাযোগ করতে হবে

রোমের ৫ম পৌরসভার অধীনে প্রবীণদের জন্য অফিস ও সামাজিক কেন্দ্র– Viale Palmiro Togliatti 983.

যথাযথ বিজ্ঞপ্তি জারির পর আবেদনপত্র জমা দিন।

# বৃদ্ধাশ্রম

### যাদের জন্য

৬০ বছর ও তার বেশি বয়সী নারী এবং ৬৫ বছর ও তার বেশি বয়সী পুরুষ, যারা স্বনির্ভর বা আংশিক স্বনির্ভর।

### যেখানে যোগাযোগ করতে হবে

**PUA তে**
**V**ia Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa
অভ্যর্থনার দিন এবং সময়সূচী: মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

Viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।
অভ্যর্থনার দিন এবং সময়সূচী: সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।
**আঞ্চলিক বৃদ্ধাশ্রমের তালিকার জন্য, www.comune.roma.it ওয়েবসাইটে দেখুন, অথবা PUA র সাথে যোগাযোগ করুন।**

# প্রবীণদের জন্য সামাজিক কেন্দ্র

### যেসব সেবা প্রদান করে

প্রবীণদের জন্য সামাজিক কেন্দ্র সমূহে বিভিন্ন ধরণের সামাজিক, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক কার্যক্রম সংগঠিত হয়।

### যাদের জন্য

পৌরসভায় বসবাসকারী ৫৫ বছর ও তার বেশি বয়সী ব্যক্তি  এবং সেসব ব্যক্তি যারা ৬০% এর বেশি প্রতিবন্ধী যাদের বয়স অন্তত ৪০ বছর বা তার বেশি।

সামাজিকীকরণকে উৎসাহিত করার জন্য নিবন্ধিত ব্যক্তির স্বামী/স্ত্রীর জন্য ও নিবন্ধনের অনুমতি দেওয়া হয়েছে, যারা খুব বেশি প্রবীণ না এবং যাদের হুইলচেয়ারে চলাফেরা করতে হয়না।

### যেখানে যোগাযোগ করতে হবে

পৌরসভা এলাকার অধীনে নিম্নলিখিত প্রবীণদের জন্য সামাজিক কেন্দ্র গুলোর মধ্যে একটিতে

| কেন্দ্রের নাম | ঠিকানা |
| --- | --- |
| Centro anziani Casilino 23 | Via Ferraironi 94 |
| Centro anziani Villa Gordiani | Via Prenestina 351 |
| Centro anziani De Magistris | Via de Magistris 21 |
| Centro anziani Teresa Frassinelli | Via Isidoro di Carace s.n.c. |
| Centro anziani Isidoro di Carace | Via di Porta Furba |
| Centro anziani Valente | Via G.B. Valente 85 |
| Centro anziani Alessandrino | Viale Alessandrino 310 |
| Centro anziani Casacalda | Via Casacalda 65 |
| Centro anziani Giorgio Morandi | Viale G. Morandi s.n.c. |
| Centro anziani Frassini | Via dei Frassini |
| Centro anziani Lepetit | Via Lepetit 86 |
| Centro anziani Luigi Petroselli | Via Locorotondo s.n.c. |
| Centro anziani Nino Manfredi | Via Emilio Chiovenda s.n.c. |
| Centro anziani Sandro Pertini | Via degli Aceri 57 |
| Centro anziani Michele Testa | Via De Pisis 1 |
| Centro anziani Vito Federici | Via Casalbordino 31 |

## প্রবীণদের থাকা এবং বিনোদনমূলক কার্যক্রম

### যেসব সেবা প্রদান করে

পৌরসভা প্রবীণদের জন্য অবকাশ যাপন এবং অন্যান্য গ্রীষ্মকালীন কার্যক্রম সংগঠিত করে।

### যাদের জন্য

- ৬০ বছর ও তার বেশি বয়সী নারী এবং ৬৫ বছর ও তার বেশি বয়সের পুরুষ, যারা স্বনির্ভর বা আংশিক স্বনির্ভর। তাদের স্বামী/স্ত্রীরা অংশগ্রহণ করতে চাইলে শুধুমাত্র তাদের একজনের বয়সসীমা পূরণ হলেই হবে।
- যারা ৭০% এর বেশি প্রতিবন্ধী এবং অন্তত ৪৫ বছর বয়সী।
- প্রবীণ ব্যক্তিদের সন্তান যারা প্রতিবন্ধী, যারা থাকার জন্য আবেদন করেছে এবং যাদের বয়স ৪৫ বছরের কম।

### যেখানে যোগাযোগ করতে হবে

রোমের ৫ম পৌরসভার অধীনে প্রবীণদের জন্য অফিস ও সামাজিক কেন্দ্র– Viale Palmiro Togliatti 983.

যথাযথ বিজ্ঞপ্তি জারির পর আবেদনপত্র জমা দিন।

## প্রবীণদের জন্য বাড়িতে সেবা সহায়তা - SAISA

### যেসব সেবা প্রদান করে

এই সেবাটি বয়স্কদের মনস্তাত্ত্বিক দক্ষতাগুলি বজায় রাখা এবং পুনরুদ্ধার করার লক্ষ্যে গঠিত, যার উদ্দেশ্য হল:
যথাসম্ভব তাদের বাড়িতে থাকা সম্ভব করা ;
প্রাতিষ্ঠানিকীকরণ এবং/অথবা দীর্ঘস্থায়ী হাসপাতালে থাকা এড়িয়ে চলতে;
পুনরুদ্ধার এবং তাদের অবশিষ্ট ক্ষমতা বৃদ্ধি করা;
পরিবারকে সমর্থন/সহায়তা প্রদান।

### যাদের জন্য

৬০ বছর ও তার বেশি বয়সী নারী এবং ৬৫ বছর ও তার বেশি বয়সী পুরুষ, যারা পৌরসভার অধিবাসী।

### যেখানে যোগাযোগ করতে হবে

PUA তে। পৃষ্ঠা নম্বর ১ এ দেখুন

## ছাড়পত্র প্রদানের পরও সেবার আওতায় রাখা

### যেসব সেবা প্রদান করে

এই সেবাটি পৌরসভাতে প্রাপ্তবয়স্কদের এবং প্রবীণ নাগরিকদের জন্য যাদের রোমের কোনো হাসপাতাল থেকে ছাড়পত্র/রিলিজ পাওয়ার প্রক্রিয়া চলছে, যারা সাময়িকভাবে অক্ষমতা রোগে ভুগছেন, যারা অসুবিধাজনক পরিস্থিতিতে আছেন এবং যাদের সাহায্য/সমর্থন করার কেউ নেই।
এটি সর্বোচ্চ ৬০ দিনের জন্য, যা বাড়ীতে সামাজিক ও স্বাস্থ্যসেবা উভয় প্রকার সহায়তা প্রদান করে।

### যাদের জন্য

হাসপাতাল থেকে ছাড়পত্র/রিলিজ পাওয়া রোগীদের জন্য, যাদের বাড়িতে সহায়তা দরকার।

### আবেদন করার সময়

হাসপাতাল কতৃপক্ষ দ্বারা, হাসপাতাল থেকে ছাড়পত্র/রিলিজ প্রদানের কমপক্ষে এক সপ্তাহ আগে।

### যেখানে যোগাযোগ করতে হবে

সেই হাসপাতালে, যেখানে রোগীকে ভর্তি করা হয়েছে।

## HOSPICE (হসপিস)

### যেসব সেবা প্রদান করে

এটি স্বনির্ভর নয় এমন ব্যক্তিদের জন্য আবাসিক এবং আধা-আবাসিক কাঠামোর সহায়তা ও যত্নের জন্য আবেদন গ্রহণ করে (RSA).
জাতীয় স্বাস্থ্য সেবা (SSN) (Hospice) দ্বারা অনুমোদিত প্রতিষ্ঠানগুলিতে পলিয়েটিভ সেবা বা প্রশমন সেবা সহায়তা প্রদান করে।

### যেখানে যোগাযোগ করতে হবে

Casa della Salute S.CATERINA DELLA ROSA Via N. Forteguerri, 4
সময়সূচী: সোমবার, বুধবার এবং শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত।
-সরাসরি প্রবেশাধিকার-

## আবাসিক স্বাস্থ্যসেবা প্রদানকেন্দ্র (RSA) তে থাকাকালীন হাসপাতাল বিলের ব্যয়ভার বহনে সহযোগিতা/ অংশগ্রহণ

### যেসব সেবা প্রদান করে

এই সেবাটি সেসব নাগরিকদের জন্য যারা R.S.A. (আবাসিক স্বাস্থ্যসেবা প্রদান কেন্দ্র) যেখানে সার্বক্ষণিক ২৪ ঘন্টা স্বাস্থ্যসেবা প্রদান করা হয় সেখানে চিকিৎসা সেবা গ্রহণ করেছেন, তাদের থাকাকালীন খরচ বহনে সহযোগিতা করবে। হিসাবকৃত অংশ সরাসরি সেখানে পরিশোধ করা হবে।

### যাদের জন্য

স্বনির্ভর নয় এমন নাগরিকদের জন্য যাদের ISEE সর্বোচ্চ ২০ হাজার ইউরো পর্যন্ত এবং যা সুনির্দিষ্ট নিয়মানুযায়ী গণনাকৃত।

### যেখানে যোগাযোগ করতে হবে

RSA অফিস
Via dell'Acqua Bulicante, 28
অ্যাপয়েন্টমেন্ট এর জন্য যোগাযোগ করুন: টেলিফোন-০৬.৬৯৬০৬৬৪
Viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।
টেলিফোন- ০৬.৬৯৬০৭৬৫৯

## গৃহহীনদের ব্যক্তিগত তথ্য নিবন্ধন

### যেসব সেবা প্রদান করে

এটি সমস্ত পৌরসভা দ্বারা পরিচালিত একটি সেবা যা Via Modesta Valenti তে নিবন্ধনকে অনুমতি দেয়: এটি একটি প্রচলিত রেজিস্ট্রি ঠিকানা যা বাস্তব নয়। এই রেজিস্ট্রি ঠিকানাটি দ্বারা পূর্ণ নাগরিক অধিকার ভোগ করতে পারবেন। যা ভোট দেওয়ার অধিকার, পরিচয়পত্র প্রাপ্তির সম্ভাবনা এবং সংশ্লিষ্ট নিবন্ধন সার্টিফিকেট সহ, অবদান এবং সেবা সুবিধায় প্রবেশের অধিকারকে অনুমোদন দেয়।

### যাদের জন্য

গৃহহীন মানুষদের জন্য যারা অত্র এলাকায় স্থায়ীভাবে বাস করেন।

### যেখানে যোগাযোগ করতে হবে

**PUA তে**

Via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa
অভ্যর্থনার দিন এবং সময়সূচী:
মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।
Viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।
অভ্যর্থনার দিন এবং সময়সূচী:
সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

## ক্যান্টিন এবং রাতে থাকার হোস্টেল

### যেসব সেবা প্রদান করে

এটি একটি সরাসরি সেবা ব্যবস্থা যেখানে রাজধানী রোম শহর দ্বারা অনুমোদিত সামাজিক ক্যান্টিন এবং/অথবা অভ্যর্থনা কেন্দ্রগুলিতে খাবার খাওয়ার (দুপুর/রাতের খাবার), এবং/অথবা রাতে থাকার জন্য অনুমোদন দেওয়া হয়।

### যাদের জন্য

গৃহহীন নাগরিক এবং/অথবা এমন ব্যক্তি যারা গুরুতর সামাজিক-অর্থনৈতিক ভাবে অসহায় অবস্থায় আছেন।

### যেখানে যোগাযোগ করতে হবে

PUA তে

# প্রাপ্তবয়স্ক এবং ২৪ মাসের বেশী বয়সী শিশুদের জন্য টিকাদান কেন্দ্র

### যেসব সেবা প্রদান করে

২ বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের এবং শিশুদের জন্য বাধ্যতামূলক এবং প্রস্তাবিত টিকাদান। ১৯৮৪ সালের পর জন্মগ্রহণকারী নাগরিকদের জন্য অ্যাপয়েন্টমেন্টের আবেদন এবং টিকার পুরোনো সার্টিফিকেটের জন্য আবেদন একক সংরক্ষণ/রিজার্ভেশন কেন্দ্র (CUP) এ করা যাবে।
যোগাযোগ করতে পারেন এই নাম্বারেও: ০৬ ৫১০০৬৬৬৬

### যেখানে যোগাযোগ করতে হবে

VIA TELESE, 80
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮:৩০ থেকে ১১:৩০,
মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।
বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14
সময়সূচী: সোমবার থেকে শনিবার- সকাল ৮:৩০ থেকে ১২:১০,
মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ২টা থেকে বিকেল ৪:৪০ পর্যন্ত।

# প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধী

### যেসব সেবা প্রদান করে

১৮ বছর বা তার বেশি বয়সী নাগরিকরা যারা মোটর নিউরন রোগ এবং নিউরো সাইকোলজিক্যাল অক্ষমতায় ভুগছেন তাদের জন্য সামাজিক স্বার্থে প্রতিরোধ, সনাক্তকরণ এবং প্রতিবন্ধিতা নিয়ন্ত্রণের জন্য স্বাস্থ্য সেবা।

### যাদের জন্য

১৮ বছর বা তার বেশি বয়সী নাগরিকদের জন্য।

### যেখানে যোগাযোগ করতে হবে

VIA CASILINA, 395
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৯টা থেকে ১২টা, মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার - বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত। - সরাসরি প্রবেশাধিকার -

## মানসিক স্বাস্থ্য কেন্দ্র

### যেসব সেবা প্রদান করে

এই সেবাটি মানসিক সমস্যার সাথে সম্পর্কিত স্বাস্থ্য, মানসিক এবং সামাজিক সমস্যা সমূহের সমাধান করে।

### যাদের জন্য

১৮ বছর বা তার বেশি বয়সী নাগরিকদের জন্য।

### যেখানে যোগাযোগ করতে হবে

VIA CASILINA, 395
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৯টা থেকে রাত ৮টা,
শনিবার- সকাল ৮টা থেকে দুপুরে ২টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার -

বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৯টা থেকে রাত ৮টা,
শনিবার- সকাল ৮টা থেকে দুপুরে ২টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার -

## আসক্তদের জন্য সেবা (SER.D.)

**যেসব সেবা প্রদান করে**

আসক্ত এবং নিরাসক্ত অবস্থার প্রতিরোধ, চিকিৎসা ও পুনর্বাসন।

**যাদের জন্য**

রোম ৫ম পৌরসভার বসবাসকারী সকল নাগরিকদের জন্য।

**যেখানে যোগাযোগ করতে হবে**

VIA CASILINA, 397

সময়সূচী: সোমবার, মঙ্গলবার, বুধবার ও শুক্রবার- সকাল ৮:১৫ থেকে দুপুর ১:১৫ এবং দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬:৩০, বৃহস্পতিবার- সকাল ৮.১৫ থেকে দুপুরে ১২:৩০ এবং দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬:৩০, শনিবার- সকাল ৮.১৫ থেকে দুপুরে ১২:৩০পর্যন্ত। (রবিবার পালাক্রমে Asl Roma2 এর অন্যান্য SerT/(আসক্তি সেবা) এ) -সরাসরি প্রবেশাধিকার-

## HOSPICE (হসপিস)

**২২ নম্বর পৃষ্ঠায় দেখুন**

## ক্যান্টিন এবং রাতে থাকার ব্যবস্থা

**২৪ নম্বর পৃষ্ঠায় দেখুন**

## আবাসিক স্বাস্থ্যসেবা প্রদানকেন্দ্র (RSA) তে থাকাকালীন হাসপাতাল বিলের ব্যয়ভার বহনে সহযোগিতা/অংশগ্রহণ

**২৩ নম্বর পৃষ্ঠায় দেখুন**

## আলঝেইমার (স্মৃতিভ্রংশ) রোগে আক্রান্ত মানুষের জন্য দিবা কেন্দ্র

১৭ নম্বর পৃষ্ঠায় দেখুন

## গৃহহীনদের ব্যক্তিগত তথ্য নিবন্ধন

২৩ নম্বর পৃষ্ঠায় দেখুন

## দত্তক গ্রহণ

### যেসব সেবা প্রদান করে

এই সেবা জাতীয় এবং/অথবা আন্তর্জাতিক ভাবে দত্তক গ্রহণের ক্ষেত্রে দম্পতিদেরকে সহায়তা প্রদান করে। টেলিফোনের মাধ্যমে অ্যাপয়েন্টমেন্টের পর GOA (দত্তক বিষয়ক ওরিয়েন্টেশন গ্রুপ) তে দম্পতিরা অংশগ্রহণ করবেন। GOA একজন মনোবিজ্ঞানী এবং একজন সামাজিক কর্মীর নেতৃত্বে, প্রতি দুই সপ্তাহে দুইটি বৈঠকের আয়োজন করে। দত্তক নিতে ইচ্ছুক পরিবারকে শিশুটিকে পরিবারে অন্তর্ভুক্তকরণে সাহায্য ও সমর্থন প্রদান করে এবং অগ্রগতির তত্ত্বাবধান করে।

### যাদের জন্য

বিবাহিত বা কমপক্ষে ৩ বছর যাবৎ একসঙ্গে বসবাস করছেন এমন দম্পতি, যারা সন্তান দত্তক নিতে চায় এবং যারা GOA তে অংশগ্রহণ করেছে এবং দত্তক গ্রহণের জন্য "অপ্রাপ্তবয়স্কদের জন্য কোর্ট" এ প্রদর্শনের জন্য সার্টিফিকেট পেয়েছে।

### যেখানে যোগাযোগ করতে হবে

- Centro Comunale per le Adozioni e l'Affido (দত্তক গ্রহন এবং ফস্টার কেয়ারের [পালক যত্নের] জন্য পৌরসভা কেন্দ্র), Viale Manzoni, 16
০৬.৬৮৮০৬৮৮০ (সোমবার থেকে শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা)
Goa মিটিং এর জন্য অ্যাপয়েন্টমেন্ট অনুযায়ী সর্বসাধারণের জন্য খোলা।
- দত্তক গ্রহণের জন্য সচিবালয়, Via S. Benedetto del Tronto
০৬.৪১৪৩৬৩৩৩ (মঙ্গলবার ও শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা)
- তথ্যের জন্য ৫ম পৌরসভার সমাজকর্মী Dott.ssa Santoni র সাথে যোগাযোগ করুন, অ্যাপয়েন্টমেন্ট পেতে- টেলিফোন নম্বর: ০৬.৬৯৬০৭৬৪৫ অথবা তাকে ইমেইল করুন: giuseppina.santoni@comune.roma.it

## পারিবারিক রক্ষনাবেক্ষন

### যেসব সেবা প্রদান করে

এটি সেইসব অপ্রাপ্তবয়স্কদের জন্য একটি পদক্ষেপ, যার পরিবার গুরুতর অসচ্ছলতা এবং অস্থায়ী সংকটের মুখোমুখি, যাদের সমর্থন ও পরিত্রান দরকার। অভ্যর্থনা পূর্ণ সময় বা আংশিক সময়ের হতে পারে।

**যাদের জন্য**

পরিবার সমূহ যাদের সন্তান আছে অথবা সন্তানহীন, অথবা অবিবাহিত যারা অসচ্ছল অপ্রাপ্তবয়স্ক এবং তার পরিবারকে স্বাগত এবং সহায়তা করতে ইচ্ছুক।

**যেখানে যোগাযোগ করতে হবে**

দত্তক গ্রহণ অনুচ্ছেদে দেখুন

## প্রাপ্তবয়স্ক এবং ২৪ মাসের বেশী বয়সী শিশুদের জন্য টিকাদান কেন্দ্র

**২৫ নম্বর পৃষ্ঠায় দেখুন**

## মানসিক স্বাস্থ্য এবং পুনর্বাসন সুরক্ষা (TSMREE)

**যেসব সেবা প্রদান করে**

০ থেকে ১৮ বছর বয়সী শিশু এবং কিশোর-কিশোরীদের নিউরোলজিকাল, স্নায়ুমনস্তাত্ত্বিক এবং সাইকোপ্যাথোলজিকাল রোগের প্রতিরোধ, নির্ণয়, চিকিৎসা ও পুনর্বাসন, এছাড়াও শিশু এবং কিশোর-কিশোরীদের বেড়ে ওঠা/ বিকাশ জনিত রোগ নিরাময় ব্যবস্থা প্রদান।

**যাদের জন্য**

৫ম পৌরসভায় বসবাসকারী ০ থেকে ১৮ বছর বয়সী শিশু এবং কিশোর-কিশোরীদের জন্য।

**যেখানে যোগাযোগ করতে হবে**

VIA CASILINA, 395
সময়সূচী: সোমবার থেকে শুক্রবার- সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

বিশেষায়িত স্বাস্থ্য কেন্দ্র SAN FELICE Via degli Eucalipti, 14
সময়সূচী: সোমবার থেকে বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত। -সরাসরি প্রবেশাধিকার-

## SPORTELLO DONNA (নারীদের প্রতি সহিংসতা এবং লিঙ্গ বৈষম্য রোধে গঠিত সমিতি )

৬ নম্বর পৃষ্ঠায় দেখুন

## শিশু-কিশোরদের জন্য বিনোদন কেন্দ্র এবং আন্তঃসাংস্কৃতিক কেন্দ্র

**যেসব সেবা প্রদান করে**

এই আঞ্চলিক সুবিধাটি  বিনামূল্যে এলাকার শিশু এবং কিশোরদের সামাজিক, শিক্ষাগত, সাংস্কৃতিক, এবং বিনোদনমূলক কার্যক্রমে স্বাগত জানায়।

**যাদের জন্য**

০ থেকে ১৮ বছর বয়সী শিশু এবং কিশোর-কিশোরীদের জন্য।

**যেখানে যোগাযোগ করতে হবে**

পৌরসভার নিম্নোক্ত অফিস সমূহে দেখুন :

**শিশুদের জন্য বিনোদন কেন্দ্র- ৩ থেকে ১২ বছর বয়সী শিশু (প্রতিবন্ধী শিশুরা ও )**

Piazza dei Mirti 30
Via Policastro 34
Via Molfetta 30

**কিশোর-কিশোরীদের জন্য কেন্দ্র- ১১ থেকে ১৮ বছর বয়সীদের জন্য**

Via dei Sesami 20
Viale Irpinia 50
Viale Morandi 98
Via De Magistris 19

| | |
|---|---|
| **La Rustica শিশু দিবা কেন্দ্র** | Via Naide 116 |
| **আন্তঃসাংস্কৃতিক কেন্দ্র** | ৩ থেকে ৬ বছর বয়সী Via Alberto da Giussano 58<br>৬ থেকে ১৮ বছর বয়সী (প্রতিবন্ধী শিশুরা ও)<br>Via Collatina 286 |

# পারিবারিক পরামর্শ এবং ২৪ মাসের কম বয়সী শিশুদের জন্য টিকাদান

### যেসব সেবা প্রদান করে

প্রতিরোধ, তথ্য, সামাজিক সহায়তা, চিকিৎসা ও মানসিক সহায়তার মাধ্যমে নারীদের, শিশুদের এবং পরিবারের স্বাস্থ্য সুরক্ষা। ০ থেকে ২ বছর বয়সী শিশুদের জন্য বাধ্যতামূলক এবং প্রস্তাবিত টিকা প্রদান।

### যেখানে যোগাযোগ করতে হবে

**VIA CASILINA , 711**
(এলাকাসমূহ: Villa De Sanctis – Torpignattara - Casilino 23 - Quadraro vecchio)

**VIA MANFREDONIA, 43**
(এলাকা: Quarticciolo)

**VIA HERBERT SPENCER, 282**
(এলাকাসমূহ: Via G.Battista Valente – Via A. Bullicante lato six)

**P.ZZA DEI CONDOTTIERI, 34**
(এলাকাসমূহ: Via A.Bullicante – P.le Prenestino)

**VIA DELLE RESEDE, 1**
(এলাকা: Centocelle)

**VIA DI TOR CERVARA, 307**
(এলাকা:Tor Cervara)

## গৃহহীনদের ব্যক্তিগত তথ্য নিবন্ধন

২৩ নম্বর পৃষ্ঠায় দেখুন

## ঔষধিক সহায়তার মাধ্যমে মানব প্রজননের জন্য অনুমোদন প্রদান

৭ নম্বর পৃষ্ঠায় দেখুন

# গুরুতর শারীরিক অক্ষমতা

**যেসব সেবা প্রদান করে**

এটি শিশু, প্রাপ্তবয়স্ক এবং প্রবীণরা যারা স্বনির্ভর বা স্বয়ংসম্পূর্ণ নয়, এবং খুব গুরুতর অক্ষমতায় ভুগছেন তাদের জন্য একটি অর্থনৈতিক সহযোগিতা।
২৬ শে সেপ্টেম্বর ২০১৬ এর আন্তঃমন্ত্রণালয় অধ্যাদেশ অনুসারে, সুবিধাভোগীগণ পেতে পারেন, যা নিম্ন রূপে প্রদান করা হয়:
- প্রতি মাসে ৮০০ ইউরো/€ পরিমাণ সেবা ভাতা, অথবা;
- পরিবারকে সহযোগিতা করতে শুশ্রূষাকারীর জন্য প্রতি মাসে ৭০০ ইউরো/€ পরিমাণ সেবা সহায়তা।

**যাদের জন্য**

২৬ সেপ্টেম্বর ২০১৬ এর আন্তঃমন্ত্রণালয় অধ্যাদেশ অধ্যাদেশ অনুযায়ী শিশু, প্রাপ্তবয়স্ক এবং প্রবীণরা যারা স্বনির্ভর বা স্বয়ংসম্পূর্ণ নয়, এবং খুব গুরুতর অক্ষমতায় ভুগছেন তাদের জন্য।

**যেখানে যোগাযোগ করতে হবে**

PUA তে
Via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa
অভ্যর্থনার দিন এবং সময়সূচী:
মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।
Viale Palmiro Togliatti, 983 পঞ্চম পৌরসভায়।
অভ্যর্থনার দিন এবং সময়সূচী:
সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

# প্রাপ্তবয়স্ক প্রতিবন্ধী

**২৫ নম্বর পৃষ্ঠায় দেখুন**

## প্রতিবন্ধীদের গাড়ি চিহ্নিতকরণ

**যাদের জন্য**

৫ম পৌরসভায় বসবাসকারী স্থায়ী বা অস্থায়ী শারীরিক প্রতিবন্ধী নাগরিকরা আবেদন করতে পারবেন, যাতে তারা এই সড়ক ট্রাফিক স্বীকৃত সুবিধা পেতে পারেন।

**যেখানে যোগাযোগ করতে হবে**

- Ufficio Contrassegni (প্রতিবন্ধীদের গাড়ি চিহ্ন আবেদনের অফিস)
  Via Prenestina 510 - টেলিফোন- ০৬.৬৯৬০৭৩৮৮
সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১২:৩০ ;
মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ২:৩০ থেকে ৩:৩০ পর্যন্ত।
- URP (জনসংযোগ অফিস)
Via di Torre Annunziata, 1 টেলিফোন: ০৬.৬৯৬০৬৩৩৬
সোমবার থেকে শুক্রবার- সকাল ৮:৩০ থেকে দুপুর ১২টা
মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

## মানসিক স্বাস্থ্য এবং পুনর্বাসন সুরক্ষা (TSMREE)

**৩০ নম্বর পৃষ্ঠায় দেখুন**

## CURARE CON CURA (যত্ন সহকারে চিকিৎসা প্রকল্প)

**৫ নম্বর পৃষ্ঠায় দেখুন**

## ব্যক্তিগতকৃত পার্কিং স্পেস

### যেসব সেবা প্রদান করে

ব্যক্তিগতকৃত পার্কিং স্পেস হলো সেসব নাগরিকদের একটি অধিকার যারা প্রতিবন্ধী হিসেবে চিহ্নিত এবং যাদের গুরুতর প্রতিবন্ধীত্বের সার্টিফিকেট রয়েছে। যা প্রদান করা হয় ল. ১০৪/৯২ এর আর্টিকেল ৩ ও অনুচ্ছেদ ৩ অনুযায়ী, একটি বিশেষ ড্রাইভিং লাইসেন্স এবং পরিবর্তিত গাড়ী অনুসারে। গুরুতর প্রতিবন্ধী ব্যক্তিরা নির্দিষ্ট সামাজিক প্রাসঙ্গিকতার ক্ষেত্রে ব্যক্তিগতকৃত পার্কিং স্পেস/স্থান পাওয়ার অনুমতি পেতে পারেন ( আর্টিকেল- ১১ "পৌর কাউন্সিলের প্রস্তাবনা" নম্বর- ৪৭/২০০৯)
এই সুবিধা ছাড়ের মধ্যে আরো রয়েছে বিভিন্ন পৌরসভা পরিষেবাদি (সামাজিক সেবা, স্থানীয় পুলিশ এবং প্রযুক্তিগত সংগঠন ইউনিট) এবং স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের (ASL) চিকিৎসা-আইনি পরিষেবা।

### যেখানে যোগাযোগ করতে হবে

- Ufficio Contrassegni (প্রতিবন্ধীদের গাড়ি চিহ্ন আবেদনের অফিস)
  Via Prenestina 510 - টেলিফোন- ০৬.৬৯৬০৭৩৮৮
:সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১২:৩০ ;
মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ২:৩০ থেকে ৩:৩০ পর্যন্ত।
- URP (জনসংযোগ অফিস)
Via di Torre Annunziata, 1 টেলিফোন: ০৬.৬৯৬০৬৩৩৬
সোমবার থেকে শুক্রবার- সকাল ৮:৩০ থেকে দুপুর ১২টা
মঙ্গলবার এবং বৃহস্পতিবার- দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

## পুনর্বাসন কার্যক্রমের জন্য অর্থ সহায়তা

### যেসব সেবা প্রদান করে

এই সেবাটি চিকিৎসা কেন্দ্র দ্বারা প্রদত্ত পুনর্বাসন কার্যক্রমের জন্য আবাসিক বা আধা আবাসিক ভাবে থাকাকালীন খরচের কিছু অংশ শেয়ার করে। গণনাকৃত ফি পরিশোধ সরাসরি সেবা কেন্দ্রে করতে হবে।

### যাদের জন্য

প্রতিবন্ধী নাগরিকদের জন্য যাদের বাৎসরিক ISEE সর্ব্বোচ্চ ২০ হাজার ইউরো পর্যন্ত এবং যা সুনির্দিষ্ট নিয়মানুযায়ী গণনাকৃত।.

### যেখানে যোগাযোগ করতে হবে

Ufficio Rsa
Sede di Via dell'Acqua Bulicante, 28
অ্যাপয়েন্টমেন্ট পেতে ফোন করুন, টেলিফোন: ০৬.৬৯৬০৬৬৪২
Sede di Viale Palmiro Togliatti, 983.  ৫ম পৌরসভায়
টেলিফোন: ০৬.৬৯৬০৭৬৫৯

## প্রতিবন্ধীদের জন্য দিবা কেন্দ্র/ডে সেন্টার এবং অন্যান্য সামাজিকীকরণ ও অবসর সময়ে সেবা

### যেসব সেবা প্রদান করে

মাঝারি পর্যায়ের প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য দিবা কেন্দ্র, মৃদু পর্যায়ের প্রতিবন্ধীদের জন্য সামাজিকীকরণ ক্লাব এবং অন্যান্য প্রকল্পগুলি যা প্রতিবন্ধী ব্যক্তিদের স্বতন্ত্রতা এবং স্বনির্ভরতার উন্নতি ও বর্ধিতকরণের লক্ষ্যে গঠিত, যাতে সামাজিকীকরণ সহজতর হয় এবং তাদের পরিবারের কষ্ট উপশমে সহায়তা করা যায়।

### যাদের জন্য

অত্র পৌরসভা এলাকায় বসবাসকারী প্রতিবন্ধী নাগরিকদের জন্য।

### যেখানে যোগাযোগ করতে হবে

**PUA তে**

Via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa.  অভ্যর্থনার দিন এবং সময়সূচী:
মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

Viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।
অভ্যর্থনার দিন এবং সময়সূচী: সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

## প্রতিবন্ধীদের জন্য নিজ বাড়িতে সামাজিক সেবা (SAISH)

### যেসব সেবা প্রদান করে

SAISH - "প্রতিবন্ধী মানুষের স্বতন্ত্রতা এবং ইন্টিগ্রেশনের জন্য সেবা" এটি প্রতিবন্ধী মানুষের জন্য একটি সামাজিক সহায়তা সেবা। এটি পৌরসভার অধীনস্ত সামাজিক সেবা এবং স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের (ASL) সামাজিক স্বাস্থ্য সেবার অধীনে সমন্বিত ব্যবস্থার মাধ্যমে পরিচালিত হয়।

### যাদের জন্য

নারীর ক্ষেত্রে ৬০ বছর এবং পুরুষের ক্ষেত্রে ৬৫ বছর অতিক্রম করেননি এমন প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য, যা ল.১০৪/৯২ এর আর্টিকেল ৩,অনুচ্ছেদ ৩ অনুযায়ী গুরুতর প্রতিবন্ধিতার শর্তে আইন অনুযায়ী স্বীকৃত, যার জীবনের এক বা একাধিক প্রয়োজনীয় কর্মকাণ্ড সম্পাদনের ক্ষেত্রে ব্যক্তিগত স্বতন্ত্রতার স্থায়ী ও গুরুতর সীমাবদ্ধতা রয়েছে, যা প্রযুক্তিগত সহায়তার মাধ্যমেও উত্তরণযোগ্য নয়, সেবাটি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে প্রদান করা হতে পারে।

পরোক্ষ সহায়তার পদক্ষেপটি একটি আর্থিক সহায়তা যা সংশ্লিষ্ট ব্যক্তির দ্বারা নির্বাচিত গৃহ সহকারীর পেমেন্টের উদ্দেশ্যে প্রদান হয়।

### যেখানে যোগাযোগ করতে হবে

PUA তে

# জরুরি আবাসন ব্যবস্থা

## যেসব সেবা প্রদান করে

এটি একটি সাময়িক অর্থনৈতিক পদক্ষেপ (সর্বাধিক সময়কাল চার বছর), যা বাড়ি ভাড়ার একটি অংশ পরিশোধ করার লক্ষ্যে ভাড়াটিয়া কে প্রদান করা হয়। সহযোগিতার ব্যাপ্তি মূল্যায়ন করা হবে কমিশনের মাধ্যমে, সুবিধাটি ব্যবহারকারীর অর্থনৈতিক অবস্থা এবং তহবিলের প্রাপ্যতা বিবেচনা করে।

## যাদের জন্য

পৌর এলাকার সকল আবাসিক নাগরিক এবং যাদের সর্বশেষ রেসিডেন্স অত্র এলাকায় ছিল, যারা বাসা থেকে উচ্ছেদের শিকার হয়েছেন এবং নিয়মানুযায়ী নিবন্ধিত নতুন একটি বাসা ভাড়া চুক্তি করেছেন।

## যেখানে যোগাযোগ করতে হবে

**PUA তে**

Via Niccolò Forteguerri 4 c/o la Casa della Salute S. Caterina della Rosa
অভ্যর্থনার দিন এবং সময়সূচী:
মঙ্গলবার, বৃহস্পতিবার, শুক্রবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

Viale Palmiro Togliatti, 983 ৫ম পৌরসভায়।
অভ্যর্থনার দিন এবং সময়সূচী:
সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

# অন্তর্ভুক্তি আয় - REI

## যেসব সেবা প্রদান করে

অন্তর্ভুক্তি আয় (REI) শ্রম ও সামাজিক নীতিমালা মন্ত্রণালয় দ্বারা প্রচারিত দারিদ্র্য ও সামাজিক বাধার বিরুদ্ধে লড়াইয়ের একমাত্র জাতীয় পরিমাপ। পরিমাপটির একটি অর্থনৈতিক সুবিধা রয়েছে, যা প্রতিমাসে একটি ইলেকট্রনিক পেমেন্ট কার্ড (REI কার্ড) এর মাধ্যমে পরিবার কে অর্থ প্রদান করে, এটি পৌরসভা সামাজিক সেবা দ্বারা পরিকল্পিত সামাজিক এবং পেশাদারী অন্তর্ভুক্তির একটি ব্যক্তিগতকৃত প্রকল্প।

## যাদের জন্য

সেবাটি পেতে পরিবার সমূহের নিম্নলিখিত শর্তাবলী আবশ্যক:

- একটি বৈধ ISEE যার মান ৬ হাজার ইউরোর বেশি নয়;
- ISRE মান ( ISEE আয় সূচক,অর্থাৎ ISR অনুপাতকে সমতা স্কেল দ্বারা ভাগ, বৃদ্ধি নেট) ৩ হাজার ইউরোর বেশি নয়;
- বাসস্থান ছাড়া, অন্যান্য স্থাবর সম্পত্তি মূল্য ২০ হাজার ইউরোর বেশী নয়;
- অস্থাবর সম্পত্তি মূল্য (আমানত, বর্তমান ব্যাংক অ্যাকাউন্ট) ১০ হাজার ইউরোর বেশী নয়; (হ্রাসকৃত পরিমান দম্পতিদের জন্য ৮ হাজার ইউরো এবং একক ব্যক্তির জন্য ৬ হাজার ইউরো)।

REI সেবায় প্রবেশের জন্য পরিবারের প্রতিটি সদস্যের পূরণীয়  শর্তাবলী:

- অনিচ্ছাকৃত বেকারত্বের জন্য ইতিমধ্যে কর্মসংস্থানের জন্য সামাজিক বীমা সুবিধা (NASpI) বা অর্থনৈতিক সহায়তার জন্য অন্যান্য সামাজিক সাহায্য গ্রহণ করছেন না;
- আবেদন করার ২৪ মাস পূর্বে যারা প্রথমবারের মতো নিবন্ধিত প্রাইভেট কার এবং/অথবা মোটরসাইকেলের মালিক নন (এই শর্তটি প্রযোজ্য নয় প্রতিবন্ধীদের জন্য ট্যাক্স মওকুফ করা হয়েছে এমন প্রাইভেট কার ও মোটরসাইকেলের জন্য);
- জাহাজ এবং বিনোদনমূলক নৌকার মালিক নন (আইনী অধ্যাদেশ ১৭১/২০০৫, আর্টিকেল ৩, অনুচ্ছেদ ১)।

## যেখানে যোগাযোগ করতে হবে

৫ম পৌরসভায়, Viale Palmiro Togliatti 983 এবং Via dell’Acqua Bulicante 28 bis

অভ্যর্থনার দিন এবং সময়সূচী:

সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার- সকাল ৯টা থেকে দুপুর ১টা, বৃহস্পতিবার- দুপুর ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

# জরুরী সামাজিক গ্রাহক সেবা - SOS

**যেসব সেবা প্রদান করে**

এই পরিষেবাটি সামাজিক নীতি বিভাগ, সাবসিডিয়ারি এবং স্বাস্থ্য, সামাজিক অপারেটিং রুম বিভাগে অবস্থিত একটি কল সেন্টার ব্যবহার করে, যেখানে একশত এর বেশি সামাজিক কর্মী কাজ করেন। কল সেন্টার এ ফোন কল আসার পর কিংবা শহরে সক্রিয় পর্যবেক্ষণ দলের মাধ্যমে ও সেবার আওতায় আনা হয়।

এই সেবাটি পৌরসভা সেবা, স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ(ASL), আদালত, স্কুল সিস্টেম এবং বৃদ্ধাশ্রম সবকিছুর সাথে সম্পৃক্ত।

**কার্যকলাপ সমূহ**

- টেলিফোনের মাধ্যমে কৃত আবেদন মূল্যায়ন।
- টেলিফোনের মাধ্যমে সহায়তা।
- দিকনির্দেশনা এবং তথ্য।
-সামাজিক জরুরি অবস্থা সম্পর্কিত কার্যক্রম সমন্বয় সাধন।
- পরিস্থিতি যাচাই করার জন্য সামাজিক কর্মীদের পাঠানো।
- আঞ্চলিক সেবা এবং আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সামাজিক নেটওয়ার্ক সক্রিয়করণ।
- ডাটাবেস ব্যবস্থাপনা।
- উপযুক্ত সামাজিক ও স্বাস্থ্য সেবা সমূহ সক্রিয় করার অপেক্ষাকালীন সময়ে সমস্যাটির সাময়িক ব্যবস্থাপনা।
- প্রয়োজনীয়তার উপর নির্ভর করে নির্দিষ্ট সেবা: হাসপাতালে ভর্তি করা বা অন্যান্য সুবিধা (উদাহরণস্বরূপ নার্সিং হোম, অপ্রাপ্তবয়স্কদের জন্য আশ্রয়স্থল) এবং আরো অন্যান্য পদক্ষেপ।

**যাদের জন্য**

এই সেবাটি যারা চরম সামাজিক অসহায় অবস্থায় ভুগছেন তাদের সবার জন্য, যেমন: গৃহহীন মানুষ, এমন মায়েরা যাদের অপ্রাপ্তবয়স্ক সন্তান আছে এবং অভিবাবকহীন অপ্রাপ্তবয়স্ক।

### যেখানে যোগাযোগ করতে হবে

- সামাজিক অপারেটিং রুমের কল সেন্টার এ যোগাযোগের মাধ্যমে এই সেবার আওতায় আসতে পারেন।
- এই সেবাটি সারা বছর সার্বক্ষণিক ২৪ ঘন্টা সক্রিয়।
- সেবাটি ব্যবহারের জন্য কোন আনুষ্ঠানিক শর্তের প্রয়োজন নেই।
- সেবাটি বিনামূল্যে দেওয়া হয়।

**সামাজিক অপারেটিং রুম: ৮০০.৪৪.০০.২২ - সারা বছর সক্রিয়, দিনে রাতে সার্বক্ষণিক ২৪ ঘন্টা।.**

# Aggiornamenti

| | |
|---|---|
| **DATA** | 15 Ottobre, 2018 |
| **OGGETTO** | **pag. 2** specifica quartieri Municipio Roma V, numero tel PUA<br>**pagg. 35 e 36** Inserimento URP Torre Annunziata<br>**pag. 42** Inserimento Sala Operativa Sociale |
| **DATA** | 22 Ottobre, 2018 |
| **OGGETTO** | **pag. 4** orari Terapia Anticoagulante (TAO)<br>**pag. 10** Sportelli Polifunzionali info RECUP<br>**pag. 26** Orari CSM |
| **DATA** | 12 Novembre, 2018 |
| **OGGETTO** | **pag. 15** Orari Assistenza Protesica<br>**pag. 15** Orari Assistenza Protesica Forniture per l'assorbenza |